



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

“ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় মানসম্মত শিক্ষার কোন বিকল্প নেই”

-ববির ১০তম প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনায় প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ

বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল; ২২ ফেব্রুয়ারি ২০২১খ্রিঃ

ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় মানসম্মত শিক্ষার কোন বিকল্প নেই। যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে চলতে হলে মানসম্মত শিক্ষার উপর গুরুত্বারোপ করতে হবে। আমরা ভবিষ্যতে কোথায় থাকব সে বিষয়ে পরিকল্পনা এখনই গ্রহণ করতে হবে কেননা নিত্য নতুন চ্যালেঞ্জ আসবে সেগুলোকে মোকাবেলা করেই আমাদেরকে এগিয়ে যেতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে মানসম্মত শিক্ষার সাথে সাথে মানসম্মত গবেষণাও নিশ্চিত করতে হবে। আজকের শিক্ষার্থীরাই আগামী কর্ণধার। তাই তাদেরকে যোগ্য হিসেবে গড়ে তুলতে আমাদের শিক্ষকদেরকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ এ কথা গুলো বলেন। এর আগে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল ১০ টায় জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন ববির উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন ও কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। পরে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, কর্মকর্তা, কর্মচারীসহ ববির বিভিন্ন সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকদের সাথে নিয়ে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্থাপিত ঐতিহাসিক ৬ দফার ইতিহাস সম্বলিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিন্দ্র শ্রদ্ধা নিবেদন করেন। ১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল ১১ টায় ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন গত ১৬ ফেব্রুয়ারী ২০২১ তারিখ দিবাগত রাতে ববির শিক্ষার্থীদের উপর বর্বোরচিত হামলায় আহত শিক্ষার্থীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে উক্ত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অনতিবিলম্বে হামলাকারীদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিতের দাবী জানান। একই সাথে বিশ্ববিদ্যালয় দিবসের এই মাহেন্দ্রক্ষণে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রমের স্থিতিশীলতা বজায় রাখতে বরিশালবাসীসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের প্রতি উদাত্ত আহবান জানান। সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন ববি শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বাহাউদ্দীন গোলাপ, গ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি ফয়সাল কিবরিয়া, ১৭-২০ কল্যান পরিষদের সাধারণ সম্পাদক শফিকুর রহমান। রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সঞ্চালনায় সভায় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা যুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস